

## ফতওয়া নং ৩৫৮

### প্রশ্ন:

শেয়ার মার্কেটে ট্রেডিং করে টাকা ইনকাম করা জায়েজ কি না ?

### উত্তর:

যদি শেয়ার ক্রয়-বিক্রয় নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে হয়ে থাকে তাহলে ক্রয়-বিক্রয় জায়েয, অন্যথায় নাজায়েয।

### শর্তসমূহ-

১) কোম্পানি হালাল ও বৈধ পণ্য উৎপাদনের লক্ষ্যে গঠিত হতে হবে। ২) কোম্পানির মূলধনের কিছু অংশ স্থাবর সম্পদে রূপান্তরিত হতে হবে। ৩) বৈধ পণ্যের উৎপাদনের জন্য গঠিত কোম্পানি বিশেষ কারণবশত সুদি লেনদেনে জড়িয়ে পড়লে কোম্পানির বাৎসরিক মিটিংয়ে তার জোরালো প্রতিবাদ করতে হবে। ৪) উপরন্তু লভ্যাংশ বণ্টনের সময় সুদি ডিপোজিট থেকে অর্জিত লভ্যাংশ হিসাব করে সাওয়াবের নিয়্যাত ছাড়া দায়মুক্ত হওয়ার লক্ষ্যে সদকা করে দিতে হবে।

৫) শেয়ার ক্রয় করে বিক্রি করার ক্ষেত্রে ক্রয়কৃত শেয়ার নিজের কবজা বা রিস্কে আনতে হবে।(জাদীদ ফিকহী মাকালাত ১৫০-১৫১)

নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন, খাদ্য ক্রয় করে কেউ যেন তা হাতে আসার পূর্বে বিক্রি না করে।

(সহীহ বুখারী, হাদীস নং ২১৩৩)

### স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী

ফতওয়া বিভাগ, জামিয়া নু'মানিয়া।

১৫ শে শাওয়াল, ১৪৪৫ হিজরী (25/04/2024)